ঠাকুরগাঁওয়ে গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও করনীয় শীর্ষক অর্ধবার্ষিক সমন্বয় সভা

শামসুল আলম, ঠাকুরগাঁও:: ঠাকুরগাঁওয়ে গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও করনীয় শীর্ষক অর্ধবার্ষিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের বাস্তবায়নে ও ইউরোপিয়ান ইউনিয়ন, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) এবং বাংলাদেশ সরকার
সহযোগিতায়,গতকাল রবিবার (৯ নভেম্বর ২০২৫) সকালে ঠাকুরগাঁও জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের মাল্টিপারপাস হলরুমে উক্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় স্থানীয় সরকারের (ভারপ্রাপ্ত) উপ-পরিচালক জনাব সরদার মোস্তফা শাহিন এর সভাপতিত্বে,প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন,জেলা প্রশাসক ইশরাত ফারজানা, সহকারী কমিশনার হাসনাহেনা লাবনী,সদর উপজেলা নিবার্হী কর্মকর্তা মোঃ খাইরুল ইসলাম।

সভায় আরো উপস্থিত ছিলেন চার উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তারা, উপজেলা ও জেলা সমন্বয়কারী গন এবং ৫৪টি ইউনিয়নের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর ও প্রশাসনিক কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা জানান,আদালতের বাইরে নিজেদের মধ্যে বসে আলাপ আলোচনার ভিত্তিতে সমোঝোতার মাধ্যমে সমস্যা সমাধানের সুযোগ সৃষ্টি করেছে গ্রাম আদালত। তাই গ্রাম আদালতের ক্ষমতায়ন সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে সঠিক ধারণা দিতে ব্যাপক প্রচারণা চালাতে হবে। একই সাথে সাধারণ মানুষ যেন গ্রাম আদালতে সঠিক বিচার পায় সেদিকে লক্ষ রাখতে হবে। গ্রাম আদালতের মাধ্যমে অতি দ্রুত ও সুষ্ঠু বিচার কার্যক্রম সম্পন্ন করতে ইউনিয়ন পরিষদকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। প্রকল্পটি বাস্তবায়ন কারী সহযোগি সংস্থা হিসাবে কাজ করছে ইএসডিও